ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৪৪৭৯
ধর্মনগর,২৮ ডিসেম্বর, ২০২৫

**পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় ধর্মনগরে প্রয়াত অধ্যক্ষের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন**

পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ ধর্মনগরে প্রয়াত ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করা হয়। গতকাল রাতেই প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের মরদেহ ধর্মনগরস্থিত বাসভবনে পৌছায়। গতকাল রাতেই ধর্মনগরস্থিত বাসভবনে এসে শেষ শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন প্রমুখ। আজ সকালে প্রথমে প্রয়াত অধ্যক্ষের মরদেহ রামঠাকুর আশ্রমে আনা হয়। সেখান থেকে এক শোক মিছিল ধর্মনগর শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। পথপরিক্রমায় প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের মরদেহে শ্রদ্ধা জ্ঞাপন করেন সমাজসেবী, শিল্পী, কবি, সাহিত্যিক, নাট্যকার ও অগণিত সাধারণ মানুষ। এরপর প্রয়াত অধ্যক্ষের মরদেহ ধর্মনগর শ্মশানে নিয়ে আসা হয়। সেখানে মরদেহে শ্রদ্ধা জ্ঞাপন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, বিধায়ক বিনয়ভূষণ দাস, বিধায়ক যাদবলাল দেবনাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, জেলাশাসক চাঁদনী চন্দ্রন, এসপি সুধাম্বিকা আর, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, অতিরিক্ত পুলিশ সুপার কমল দেববর্মা, ধর্মনগরের মহকুমা শাসক দেবযানী চৌধুরী, সমাজসেবী কাজল কুমার দাস, সমাজসেবী শ্যামল নাথ, বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, প্রাক্তন বিধায়ক মলিনা দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য-সদস্যা, জেলা প্রশাসনের অন্যান্য আধিকারিক প্রমুখ। শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের পর ত্রিপুরা পুলিশ ও টিএসআর-এর যৌথ বাহিনীর পক্ষ থেকে গান স্যালুট দেওয়া হয়। উল্লেখ্য, গত ২৬ ডিসেম্বর ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন ব্যাঙ্গালুরুর একটি হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

*****